

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.১০৮.২৩.১৬৫

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: মেসার্স ফকির ইকো নীট ওয়্যারস লিমিটেড নামক কারখানার অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন নং-৮২০, তারিখঃ ২৪/০৭/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেসার্স ফকির ইকো নীট ওয়্যারস লিমিটেড, অফিসঃ ৯০/১, মতিঝিল সি/এ, সিটি সেন্টার, লেবেল-২৮ বি, ফ্লোর-২৯, ঢাকা-১০০০ ও কারখানাঃ কায়েমপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা- পরিঃ/কম্পাঃ ০০০০০৫১৩-২০২০; তারিখ-৩০-১১-২০২০ খ্রিঃ এবং শিল্প উপখাতঃ “নিটিং ও নীট গার্মেন্টস”। প্রতিষ্ঠানটির অনুকূলে অনলাইন শিল্প আই আর সি নং-২৬০৩২৬১২০৬১০৯২১, তারিখঃ ২৩/০৫/২০২১ খ্রিষ্টাব্দ জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ২য় এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে ষাণ্মাসিক আমদানি স্বত্ব ২,৭৫,০০,০০০/- (দুই কোটি পঁচাত্তর লক্ষ) টাকা নির্ধারণ করে ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে মেসার্স ফকির ইকো নীট ওয়্যারস লিমিটেড এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পন্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে ষাণ্মাসিক আমদানি স্বত্ব ২,৭৫,০০,০০০/- (দুই কোটি পঁচাত্তর লক্ষ) টাকা নির্ধারণ করে ৬ষ্ঠ শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

২৭-০৭-২০২৩

মো:সাইফুর রহমান

উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.১০৮.২৩.১৬৫/১ (৪)

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর;
- ২। কমিশনার, কাষ্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ফকির ইকো নীট ওয়্যারস লিমিটেড, অফিসঃ ৯০/১, মতিঝিল সি/এ, সিটি সেন্টার, লেবেল-২৮ বি, ফ্লোর-২৯, ঢাকা-১০০০ ও কারখানাঃ কয়েমপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।;
- ৪। সহকারী পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর এবং
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।



২৭-০৭-২০২৩

কামরুল আলম

সহকারী পরিচালক